গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

পটুয়াখালী

(সংস্থাপন শাখা)

www.patuakhali.gov.bd

**২০২২-২৩ অর্থ বছরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শরীফুল ইসলাম, জেলা প্রশাসক, পটুয়াখালী |
| তারিখ | : | ১৮.০৬.২০২৩খ্রি. |
| সময় | : | সকাল ১০:৪০ ঘটিকা |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন যে, সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করা এবং এ বিষয়ে সচেতন হওয়া একান্ত প্রয়োজন। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর একটি অন্যতম কার্যক্রম হলো সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করা। সভাপতির নির্দেশক্রমে সদস্য সচিব ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পটুয়াখালী সভার শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচী অনুযায়ী অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পটুয়াখালীকে আলোচনার জন্য আহবান জানান। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | গৃহীত কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | বিগত সভার কার্যবিরণীতে কোন সংশোধণী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা যায়। | দৃঢ়ীকরণ করা হলো। | সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পটুয়াখালী |
| ২.সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডকরণ | বার্ষিক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব-স্ব শুদ্ধাচার কৌশল ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ক। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করতে হবে।<br>খ। সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) পটুয়াখালী |
| ৩. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনা | জনগণকে সহজে তথ্য ও সেবা প্রদানের লক্ষ্যে নাগরিক আবেদন করার জন্য এ কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ সকল অফিসের ফ্রন্টডেস্ক এর সম্মুখে/দৃশ্যমান স্থানে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রদর্শন, অন্যান্য অফিস এবং জনগনের চাহিত সেবা নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | সকল সরকারী অফিসের ফ্রন্টডেস্ক এর সম্মুখে/দৃশ্যমান স্থানে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রদর্শন এবং জনগনের চাহিত সেবা দ্রুততম সময়ে নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) পটুয়াখালী |
| ৪. নাগরিক সেবা সহজীকরণ | নাগরিকসেবা সহজে ও দ্রুততার সাথে কাঙ্খিত সেবা পায় সেবিষয়ে আলোচনা হয়। কোন নাগরিক যাতে হয়রানী না হয় সেবিষয়ে সকলকে সচেষ্ট হওয়ার বিষয়ে আলোচনা হয়। | যেকোন নাগরিক তার কাঙ্খিত সেবা দ্রুততার সাথে নিষ্পত্তি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) পটুয়াখালী |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৬/২৩

মোঃ শরীফুল ইসলাম
জেলা প্রশাসক
পটুয়াখালী
ফোন নম্বর: ০২৪৭৮৮৮০৫৬৫।
e-mail: dcpatuakhali@mopa.gov.bd

চলমান পাতা-০২

স্মারক নম্বর : ০৫.১০.৭৮০০.০০৫.০৭.০৫২.২২- ৪০৫ তারিখ: ১২ আষাঢ় ১৪৩০ / ২৬ জুন ২০২৩

<u>অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, বরিশাল ।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, পটুয়াখালী।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,পটুয়াখালী।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................................, পটুয়াখালী।
৮. এনডিসি/আরডিসি/এলএও/জিসিও/ট্রেজারী অফিসার, পটুয়াখালী।
৮. সহকারী কমিশনার (ভূমি)(সকল), ......................................, পটুয়াখালী।
৯. সহকারী কমিশনার,.........................................................জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী।
১০. সহকারী কমিশনার, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী। **(কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)।**
১১. অফিস কপি/মাস্টার ফাইল।

২৬/৬/২৩
জেলা প্রশাসক
পটুয়াখালী